## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিদফতর (পিআইডি)



সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী নম্বর:৬৩

## কৃষি, শিক্ষা, অর্থনীতিসহ সর্বক্ষেত্রে আওয়ামী সরকারের দৃশ্যমান সাফল্য রয়েছে - মুক্তাগাছা জনসভায় কৃষিমন্ত্রী

মুক্তাগাছা (শুক্রবার, ১০ নভেম্বর ২০২৩ খ্রি.):

কৃষিমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মন্ডলীর সদস্য ড. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষি, শিক্ষা, অর্থনীতিসহ সর্বক্ষেত্রে আওয়ামী লীগ সরকারের দৃশ্যমান সাফল্য রয়েছে, উন্নয়নের মহাসড়কে রয়েছে বাংলাদেশ। আওয়ামী লীগের কর্মীরা দাবি করতে পারে, তাদের ১৫ বছরের শাসনামলে একটি মানুষও না খেয়ে থাকেনি, মারা যায়নি। দেশে আজ সার, বিদ্যুতের সংকট নেই। ঘরহীন, আশ্রয়হীন লক্ষ লক্ষ মানুষ বিনামূল্যে ঘর পেয়েছে, ওএমএস এর মাধ্যমে স্বল্লমূল্যে নিয়্নআয়ের মানুষকে খাদ্যপণ্য দেয়া হচ্ছে। তিনি বলেন, বর্তমান সরকারের আমলে সকল ফসলের উৎপাদন বিএনপির সময়কাল থেকে বহুগুণ বৃদ্ধি পেয়েছে। গত এক বছরে সরকার এক ছটাক চালও আমদানি করে নাই। এ অর্জন আওয়ামী লীগ সরকারের, প্রধানমন্ত্রী শেখ হাসিনার। পুরো বিশ্ব আজ অবাক হয়, কিভাবে তলাবিহীন ঝুড়ির দেশের এত উন্নয়ন হতে পারে।

আজ শুক্রবার (১০ নভেম্বর) বিকালে মুক্তাগাছার নন্দীবাড়ি শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে মুক্তাগাছা উপজেলা আওয়ামী লীগের আয়োজনে অনুষ্ঠিত বিএনপি জামায়াতের নৈরাজ্য, অগ্নিসংযোগ ও হত্যার প্রতিবাদে বিশাল জনসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে কৃষিমন্ত্রী একথা বলেন।

জনসভায় কৃষিমন্ত্রী বলেন, বিএনপির উচিত আয়নায় নিজেদের মুখ দেখা। তাদের ক্ষমতাকালীন দেশের পরিস্থিতি ছিলো ভয়াবহ। বিএনপি ক্ষমতায় থাকাকালে নিজেদের জন্য যে পরিণতি তৈরি করেছিল , তা থেকে তারা আর বের হয়ে আসতে পারবে না। বিএনপি আগেও বলেছে, পালাবার পথ পাবে না। অথচ আজও আওয়ামী লীগ ক্ষমতায়। দেশের অভূতপূর্ব উন্নয়নকে সামনে রেখে আরেকটি নির্বাচন চলে এসেছে। বিএনপি এখনো বলে ,পালাবার পথ নেই। অথচ বিএনপিকে কোথাও খুঁজে পাওয়া যায় না। বিএনপি সন্ত্রাস ও আগুন দেয়ার ভয় দেখায়। আওয়ামী লীগের নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, সন্ত্রাস মোকাবিলা করতে হবে। আওয়ামী লীগের কর্মীদের নির্বাচনের সময় সাধারণ মানুষদের নির্বিঘ্নে ভোটকেন্দ্রে আসার ব্যবস্থা করতে হবে। আওয়ামী লীগ সরকার আবার ক্ষমতায় আসবে, শেখ হাসিনা আবার প্রধানমন্ত্রী হবেন, সেটি নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি। তিনি বলেন, এ জনসভায় মুক্তাগাছার প্রত্যন্ত অঞ্চলের হাজার হাজার মানুষ ছুটে এসেছে প্রতিবাদ জানাতে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে মুক্তাগাছা বর্তমানে উন্নয়নের চরম শিখরে। আওয়ামী লীগের বিজয় নিশ্চিত করতে সবাইকে অঞ্চীকার করতে হবে। প্রতিটি নির্বাচনে আওয়ামী লীগকে পরাজিত করতে ষড়যন্ত্র হয়; কিন্তু মুক্তাগাছায় ষড়যন্ত্রকারীরা সুবিধা করতে পারেনি। মুক্তাগাছা থেকে যাকেই মনোনয়ন দেয়া হোক না কেন, মুক্তাগাছার জনগণ যেন তাকেই বিজয়ী করে নিয়ে আসে, প্রতিমন্ত্রী এ আহ্বান জানান।

মুক্তাগাছা পৌরসভার মেয়র বিল্লাল হোসেন সরকার জনসভায় স্বাগত বক্তা হিসেবে বক্তব্য রাখেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগ ময়মনসিংহ জেলা শাখার সভাপতি এহতেশামুল আলম, সাধারণ সম্পাদক এডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল। জনসভায় বীর মুক্তিযোদ্ধাগণ, রাজনৈতিক কর্মী ও নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ মুক্তাগাছা উপজেলার বিভিন্ন পর্যায়ের জনসাধারণ উপস্থিত ছিলেন।